# সংবাদ

তারিখ ... 3 MAR 2013 ...
পৃষ্ঠা ... কলাম ...

ভিত্তি স্থাপন করেন ভাটিক্যান দূত

## নটরডেম কলেজের প্রথম শাখা উদ্বোধন ময়মনসিংহে

জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ

দেশের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান নটরডেম কলেজের একটি শাখা উদ্বোধন করা হয়েছে ময়মনসিংহে। গত শুক্রবার শিক্ষানগরী ময়মনসিংহে ভাটিকান সিটির রাষ্ট্রদূত আর্চ বিশপ যোসেফ মারিনো নটরডেম কলেজ শাখার একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। রাজধানী ঢাকার বাইরে এটিই প্রথম নটরডেম কলেজের শাখা।

ময়মনসিংহ ধর্ম প্রদেশের বিশপ পনেন পল কুবি সিএসসির সভাপতিত্বে শহরতলীর দিগারকান্দা বাইপাস মোড়ে গত শুক্রবার ময়মনসিংহ নটরডেম কলেজ শাখার ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে ভাটিকানের রাষ্ট্রদূত আর্চ বিশপ যোসেফ মারিনো বলেন, বাংলাদেশে গুণগত মানসম্পন্ন শিক্ষা বিস্তারে ময়মনসিংহ নটরডেম কলেজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সভায় বিশেষ অতিথি বক্তব্য রাখেন রেলপথ মন্ত্রণালয় সংসদীয় কমিটির সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান এমপি, জেলা প্রশাসক লোকমান হোসেন মিয়া, পুলিশ সুপার মইনুল হক, ময়মনসিংহ পৌরসভার মেয়র ও জেলা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের সভাপতি ইকরামুল হক টিটু, ফাদার জেমস ক্রোশ, ফাদার শিমন হাচ্ছা ও ময়মনসিংহ নটরডেম কলেজের নিয়োগ প্রাপ্ত অধ্যক্ষ ও ঢাকা নটরডেম কলেজের উপাধ্যক্ষ ফাদার বকুল স্টানিসলাস রোজারিও সিএসসি প্রমুখ। কলেজ সূত্রে জানা গেছে, শহরতলীর দিগারকান্দা বাইপাস মোড়ে চার একর জমির ওপর কলেজটি প্রতিষ্ঠিত হচ্ছে। আগামী ২০১৪ সালের জুলাই থেকে বিজ্ঞান, মানবিক ও কমার্স শাখায় মোট ৬শ' শিক্ষার্থী ভর্তির মাধ্যমে কলেজের শিক্ষা কার্যক্রম শুরু হবে। খুব শীঘ্রই কলেজের অবকাঠামোর কাজ শুরু হবে। এ সময় ঢাকা নটরডেম কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।